



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কবি নজরুল ইনস্টিটিউট

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

Website : nazrul institute.gov.bd

নং- ৪৩.২৪.০০০০.০০৫.০৪.০০১.২৫.৪৮৭

তারিখ : ২৮.০১.২০২৫

নজরুল-পুরস্কারের মনোনয়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি

নজরুল-সঙ্গীত, সাহিত্য ও অন্যান্য ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি প্রদানের নিমিত্ত কবি নজরুল ইনস্টিটিউট 'নজরুল-পুরস্কার' প্রবর্তন করেছে। এই ধারাবাহিকতায় 'নজরুল-পুরস্কার নীতিমালা ২০২৪' অনুযায়ী 'নজরুল-পুরস্কার ২০২৩' ও 'নজরুল-পুরস্কার ২০২৪' প্রদানের জন্য মনোনয়ন আহ্বান করা যাচ্ছে। মনোনয়ন ফরম (ব্যক্তি ও প্রতিষ্ঠান) ও নীতিমালা কবি নজরুল ইনস্টিটিউট ওয়েব সাইট (www.nazrul institute.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে। আগামী ৩১ মার্চ ২০২৫ তারিখের মধ্যে আবেদনপত্র নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট বরাবর দাখিল করতে হবে। প্রতিটি বিষয়ের পুরস্কারের মূল্যমান হবে দুই লক্ষ টাকা। পুরস্কার প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে পুরস্কারের চেক, সম্মাননাপত্র ও সম্মাননা স্মারক প্রদান করা হবে। নজরুল-জন্মবার্ষিকীতে এ পুরস্কার প্রদান করা হবে। যোগ্যতা : (ক) শুধু বাংলাদেশের নাগরিক এই পুরস্কারের যোগ্য বলে বিবেচিত হবেন। (খ) বাংলাদেশের মুক্তিযুদ্ধ, স্বাধীনতার চেতনা, সার্বভৌমত্ব, প্রচলিত আইন ও শুদ্ধাচার পরিপন্থী কোনো কার্যক্রম গ্রহণকারী গবেষক বা শিল্পী এই পুরস্কার পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না। (গ) এই পুরস্কার কেবল ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রদান করা হবে। (ঘ) পুরস্কার প্রাপ্তির জন্য ইনস্টিটিউট কর্তৃক আবেদন আহ্বান না করা পর্যন্ত কোনো ব্যক্তিগত আবেদনপত্র বিবেচনা করা হবে না। (ঙ) এ পুরস্কার প্রাপ্ত কোনো ব্যক্তি / প্রতিষ্ঠান দ্বিতীয়বার এ পুরস্কার প্রাপ্তির যোগ্য মর্মে বিবেচিত হবেন না। (চ) কবি নজরুল ইনস্টিটিউট ট্রাস্টি বোর্ডের সভাপতি, সদস্যবৃন্দ এবং 'নজরুল পুরস্কার' কমিটির কোনো সদস্য স্বীয় পদে বহাল থাকা অবস্থায় এই পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

MD. Latifur Rahman
মোঃ লতিফুল ইসলাম

নির্বাহী পরিচালক

কবি নজরুল ইনস্টিটিউট, ঢাকা